গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
(www.rdcd.gov.bd)

নম্বর ৪৭.০০.০০০০.০০০.০৩১.২৮.০০৩.১৫(অংশ-২)-২৭৮

১৬ অগ্রহায়ণ ১৪৩২
তারিখঃ----------
০১ ডিসেম্বর ২০২৫

পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পুরাতন অকেজো ঘোষিত ২টি মাইক্রোবাস (ঢাকা মেট্রো-চ-৫৩-৫১৯৬, ইঞ্জিন নম্বর 4G63PB632, চেসিস নম্বর JMYHNP13WBA000220, MITSHUBISHI, L-300) এবং ঢাকা মেট্রো-চ-৫৩-৮২৭৭, ইঞ্জিন নম্বর 4G63PM8012, চেসিস নম্বর: JMYH NP13WDA000413, MITSHUBISHI, L-300) যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রকৃত ক্রেতা/ব্যবসায়ীর নিকট হতে নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে আগামী ১৫.১২.২০২৫ তারিখ দুপুর ০১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে:

০১। বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে ৭ নম্বর ভবনের সম্মুখে রক্ষিত মাইক্রোবাস ২টি আগামী ০৪.১২.২০২৫ তারিখ হতে ১৪.১২.২০২৫ পর্যন্ত অফিস সময়ে সরেজমিনে দেখা যাবে।

০২। আগামী ১৪.১২.২০২৫ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে ২০০.০০ (দুইশত) টাকা নগদে পরিশোধপূর্বক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন শাখা-০১ অফিস কক্ষ নম্বর ৬৩৮, ভবন নম্বর ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করা যাবে।

০৩। আগামী ১৫.১২.২০২৫ তারিখ দুপুর ০১:০০ ঘটিকার মধ্যে উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর অফিস কক্ষের সম্মুখে রক্ষিত বাক্সে (কক্ষ নম্বর ৬২৯, ভবন নম্বর ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) দরপত্র দাখিল করিতে হইবে।

০৪। একই দিনে বেলা ০২.৩০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপসচিব (প্রশাসন) এর অফিস কক্ষে (কক্ষ নম্বর-৬২৯) দরপত্র দাতা বা তাঁর মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ থাকে) দরপত্র খোলা হবে।

০৫। দরপত্র দলিলের সাথে সিডিউল ক্রয়ের মূল রশিদ এবং উদ্ধৃত মূল্যের ২.৫% হিসেবে আর্ণেষ্ট মানি হিসেবে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং এ ধরণের দরপত্র কোন কারণ দর্শানো ছাড়াই সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। দরপত্র সিডিউলে বর্ণিত মাইক্রোবাসের মূল্য সুস্পষ্টভাবে অংকে ও কথায় উল্লেখ করতে হবে। কোনরুপ ঘষামাজা/ উপরিলিখন বা কাটাকাটি অথবা কোন অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৭। নিলামযোগ্য গাড়ীর ইনডেকেটিভ মূল্যের নিম্নে কোন উদ্ধৃত দর গ্রহণযোগ্য হবে না।

০৮। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স/টিআইএন/এনআইডি এর সত্যায়িত কপি সংযোজন করতে হবে।

০৯। সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ব্যক্তিকে মাইক্রোবাস বুঝে নেওয়ার সময় তাঁর দরপত্রে উদ্ধৃত সমুদয় মূল্য ১৩৮০১০১-সচিবালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর অনুকূলে কোড নম্বর ১৪৪১২৯৯ তে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে।

১০। সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ব্যক্তিকে মাইক্রোবাস বুঝে নেওয়ার সময় তাঁর দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর কোড নম্বর ১১৪১১০১ এবং ৫% হারে আয়কর কোড নম্বর ১১১১১০১ এ ১৩৮০১০১-সচিবালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে।

১১। সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক উদ্ধৃত মূল্য এবং সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর পরিশোধের পর গাড়ী সরবরাহ করা হবে এবং আর্নেষ্ট মানি ফেরৎ প্রদান করা হবে।

১২। সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ব্যক্তিকে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

১৩। নিলামে অংশগ্রহণকারী সর্বোচ্চ দরদাতাকে ০৭ (সাত) দিনের মধ্যে নিলামের শর্তমতে মাইক্রোবাস নিজ দায়িত্বে বুঝে নিতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য করা হবে এবং আর্ণেষ্ট মানি বাজেয়াপ্ত হবে।

১৪। কোন কারণে সর্বোচ্চ দরদাতা ০৭(সাত) দিনের মধ্যে মাইক্রোবাস বুঝে নিতে ব্যর্থ হলে ২য় সর্বোচ্চ দরদাতাকে কৃতকার্য দরদাতা হিসেবে গণ্য করা হবে।

১৫। সর্বোচ্চ দরদাতাকে মাইক্রোবাস যে অবস্থায় আছে সে অবস্থায় বুঝিয়ে দেয়া হবে। মাইক্রোবাস সরবরাহ নেওয়ার ক্ষেত্রে কোন ধরণের মেরামত ও পরিবহন ব্যয় কর্তৃপক্ষ বহন করবে না।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীরেকে সম্পূর্ণ বা আংশিক কার্যক্রম বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০১.১২.২৫

(শাহ্ মোঃ সজীব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭০
(e-mail:admin1.section@rdcd.gov.bd)